

া রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - বেলায়াতের পথে যিকরের সাথে রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আনুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

ছ. যিকরের জন্য আদব - (৫) বসে বা শুয়ে যিকর

মুমিন যখন বিশেষভাবে যিকরের জন্য বসবেন তখন যথাসম্ভব যাঁর যিকর করা হচ্ছে তাঁর প্রতি পরিপূর্ণ আদব, বিনয়, আগ্রহ, আবেগ ও ভালবাসা নিয়ে শান্ত মনে বসতে হবে। সম্ভব হলে কিবলামুখী হয়ে বসা উত্তম। তবে প্রয়োজনে শুয়েও যিকর ও ওযীফা আদায় করা যায়। আয়েশা (রাঃ) বলেনঃ

كان النبي صلى الله عليه وسلم يقرأ القران ورأسه في حجري وانا حائض

"আমার নিয়মিত অপবিত্রতার সময়ে রাসূলুল্লাহ (সা.) আমার কোলে মাথা রেখে শুয়ে কুরআন তিলাওয়াত করতেন।"[1]

আয়েশা (রাঃ) নিজের সম্পর্কে বলেছেন:

إني لأقرأ حزبي أو عامة حزبي وأنا مضطجعة على فراشي

"আমি আমার নিয়মিত তিলাওয়াত-ওযীফা বা তার অধিকাংশই আমি নিজের বিছানায় শুয়ে শুয়ে পড়ি।"[2]

ফুটনোট

- [1] সহীহ বুখারী ৬/২৭৪৪, নং ৭১১০, মুসলিম ১/২৪৬, নং ৩০১।
- [2] ইবনু আবৃ শাইবা, আল-মুসান্নাফ ২/২৪১, ৬/১৪৩, নাবাবী, আল-আযকার, পৃ. ৩৩।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8787

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন